

শেখ হাসিনার মমতা
বয়স্কদের জন্য নিয়মিত ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.২০. ৫৩৮

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩


বিষয়: সমাজসেবা অধিদপ্তর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র উপকারভোগীর লাইভ ভেরিফিকেশন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচি, হিজড়া, বেদে, অনগ্রসর জনগোষ্ঠী (বিশেষ ভাতা, শিক্ষা উপবৃত্তি) এবং চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন (এককালীন অনুদান) কর্মসূচি'র সুবিধাভোগীদের দোরগোড়ায় ভাতার অর্থ পৌঁছানোর লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরের ২য় কিস্তি হতে G2P পদ্ধতিতে বিতরণ করা হচ্ছে।

২. মোবাইল আর্থিক প্রতিষ্ঠান 'নগদ' ও 'বিকাশ' এবং এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে বয়স্কভাতাসহ অন্যান্য ভাতার অর্থ পরিশোধের ক্ষেত্রে যথাসময়ে তথ্য না পাওয়ায় উপকারভোগীর মৃত্যুর পরেও তার হিসাবে টাকা ছাড় হতে পারে।
৩. বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা কর্মসূচির কোন উপকারভোগী পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ হলে তার তথ্যও যথাসময়ে পাওয়া যায় না।
৪. সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন মৃত ভাতাভোগী এবং পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ বিধবা উপকারভোগীর হিসাব নম্বরে টাকা ছাড় হচ্ছে মর্মে **সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর** কর্তৃক অবহিত করা হয়েছে।
৫. মোবাইল হিসাব নম্বর নিষ্ক্রিয় বা সঠিক না হওয়া কিংবা PIN Code অন্য ব্যক্তির জেনে যাওয়ার কারণে কোন কোন ভাতাভোগী তাদের ভাতা হতে বঞ্চিত হচ্ছেন।
৬. বর্ণিতাবস্থায়, তাঁর আওতাধীন সকল উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়কে ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির পে-রোল প্রেরণের পূর্বেই অর্থাৎ আগামী ৩১ আগস্ট'২৩ এর মধ্যেই ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ডভিত্তিক উপকারভোগীর স্বশরীরে উপস্থিতির মাধ্যমে লাইভ ভেরিফিকেশন এবং ভেরিফিকেশনে প্রাপ্ত মৃত উপকারভোগী ও পুনঃবিবাহের কারণে বাদ পড়া বিধবা উপকারভোগীর পরিবর্তে নীতিমালা মোতাবেক প্রতিস্থাপনসহ যৌক্তিকতা বিবেচনায় মোবাইল হিসাব নম্বর এর সঠিকতা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)


২৬/০৬/২০২৩
(ড. মোঃ মোকিতার হোসেন)
পরিচালক
সামাজিক নিরাপত্তা
ফোন: ০২-৪৪৮২৬৮০১

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২. জেলা প্রশাসক (সকল),
২. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. মাননীয় প্রধানমন্ত্রীর এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়কের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (মুখ্য সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল),
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল),
৯. উপজেলা/ শহর সমাজসেবা অফিসার, (সকল),